



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

১৪৪৫২

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/রংপুর-৫৩/৬.৩.১৬

তারিখঃ ১৫/০৪/২০১৭খ্রিঃ


বিষয়ঃ স্ব-স্ব দাবীর পক্ষে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং- বামাশিবো/প্রশা/রংপুর-৫৩/১৩৯/৫; তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদরাসার জনাব মোঃ ইয়াহিয়া সরকার ভারপ্রাপ্ত সুপার দাবী করে এবং জনাব মোঃ আবদুল মোত্তালিব সুপার দাবী করে পরস্পর বিরোধী অভিযোগ করে এডহক কমিটির গঠনের অনুমতি চেয়ে পৃথক পৃথক আবেদনপত্র বোর্ডে দাখিল করেন।

সুপার পদ নিয়ে দ্বন্দ্বিক অবস্থা নিরসনের জন্য ও আমলযোগ্য আবেদন নির্ধারণের লক্ষ্যে জনাব মোঃ ইয়াহিয়া সরকার ও জনাব মোঃ আবদুল মোত্তালিবকে স্ব-স্ব দাবীর পক্ষে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ ইয়াহিয়া সরকার কাগজপত্র দাখিল করেছেন কিন্তু আপনার কর্তৃক কোন কাগজপত্র বোর্ডে দাখিল করা হয়নি।

বর্ণিত অবস্থায় সুপার পদ নিয়ে দ্বন্দ্বিক অবস্থা নিরসনের জন্য ও আমলযোগ্য আবেদন নির্ধারণের লক্ষ্যে জনাব মোঃ আবদুল মোত্তালিবকে তাঁর দাবীর পক্ষে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।


প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ আবদুল মোত্তালিব, সুপার দাবীদার
ঝোরার ঘাট শাহ ছালেক দাখিল মাদরাসা, পীরগঞ্জ, রংপুর।

নং- বামাশিবো/প্রশা/রংপুর-৫৩/

তারিখঃ /০৪/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪